



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিবিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
Website: www.bb.org.bd

ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট

সিজিডি সার্কুলার লেটার নং- ০২

০৭ নভেম্বর ২০২৪

তারিখ: -----

২২ কার্তিক ১৪৩১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ক্রেডিট গ্যারান্টি ক্ষিম সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্য ব্যাংকের শাখায় পোস্টার স্থাপন প্রসঙ্গে।

অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, ধনী-দরিদ্র ও আঘণ্টিক বৈষম্য হ্রাস, নারীর ক্ষমতায়নসহ অস্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিতকরণে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (CMSME), কৃষি এবং আর্থিক অন্তর্ভুক্তি খাত গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তবে, উক্ত খাতসমূহের প্রাণিক জনগোষ্ঠীর প্রাতিষ্ঠানিক খণ্ড গ্রহণের ক্ষেত্রে জামানত প্রদানের বাধ্যবাধকতা-কে অন্যতম প্রতিবন্ধকতা হিসেবে গণ্য করা হয়। এ প্রেক্ষিতে, দেশের CMSME, কৃষি ও আর্থিক অন্তর্ভুক্তি খাতের উদ্যোজ্ঞদের জামানত ব্যতীত অপেক্ষাকৃত স্বল্প সুদে ও সহজ শর্তে খণ্ড সুবিধা প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান করা হচ্ছে।

২। ক্রেডিট গ্যারান্টি ক্ষিম বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত সুবিধা সম্পর্কে প্রাণিক উদ্যোজ্ঞসহ সকল স্টেকহোল্ডার অবহিত হলে CMSME খাতে ও প্রাণিক পর্যায়ে অর্থায়ন বৃদ্ধি পাবে এবং আগ্রহী উদ্যোজ্ঞগণ ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণ করে ব্যবসায় উদ্যোগ গ্রহণে সক্ষম হবেন, ফলে অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হবে।

৩। এ প্রেক্ষিতে, ক্রেডিট গ্যারান্টি বিষয়ে প্রাণিক পর্যায়ে জনসচেতনতা বৃদ্ধিকল্পে একটি রপিন পোস্টারের নকশা প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)। পোস্টারটি (৩০"×১৮") পরিমাপে প্রিন্ট করে অথবা অন্য কোন উপযুক্ত মাধ্যমে ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্টের সাথে চুক্তিবদ্ধ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিটি শাখা, উপশাখা ও এজেন্ট আউটলেটে সহজে গোচরীভূত হয় এমন স্থানে আগামী ০২ (দুই) মাসের মধ্যে স্থাপনপূর্বক এ ডিপার্টমেন্টকে অবহিত করতে হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(নাহিদ ইসলাম)
পরিচালক (সিজিডি)
ফোন: ৯৫৩০১৭৯

সংযুক্ত : ০১। ক্রেডিট গ্যারান্টি ক্ষিম বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত সুবিধা সংক্রান্ত পোস্টারের নকশা।

আপনি কি একজন সম্ভাবনাময় উদ্যোক্তা?

আপনার কি খণ্ড গ্রহণে পর্যাপ্ত জামানত নাই?



তাহলে আপনারই জন্য রয়েছে বাংলাদেশ ব্যাংকের ক্রেডিট গ্যারান্টি সুবিধা

- (১) CMSME খাতে ২৫,০০০ কোটি টাকার থাক
-অর্থায়ন ক্ষিমের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা।
- (২) ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রাণ্তিক/ভূমিহীন
কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী
এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ৫০০ কোটি টাকার
পুনঃঅর্থায়ন ক্ষিমের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা।
- (৩) নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ খাতে ৩,০০০ কোটি
টাকার পুনঃঅর্থায়ন ক্ষিমের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা।
- (৪) কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাত করার জন্য ১,৪০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন
ক্ষিমের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা।

গ্যারান্টি ফি ১ম বছরে ০.৫০%
২য় বছর হতে ০.২৫%

মহিলা উদ্যোক্তাদের জন্য
১০% কোটা সংরক্ষিত

ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রাপ্তির স্মার্ট পদ্ধতি
অনলাইনে আবেদন এবং রেজিস্ট্রেশন

<https://cgims.bb.org.bd>

ধন এখন
জামানতবিহীন
দিনবিদলৈর
সুযোগ নিন

বিভিন্ন ক্রেডিট গ্যারান্টি ক্ষিমের অর্থায়ন সীমা

ক্রমিক নং	গ্যারান্টি সুবিধা	কুটির উদ্যোগ		মাইক্রো উদ্যোগ			ক্ষুদ্র উদ্যোগ			মাঝারি উদ্যোগ		
		উৎপাদনশীল শিল্প	উৎপাদনশীল শিল্প	সেবা শিল্প	ব্যবসা উদ্যোগ	উৎপাদনশীল শিল্প	সেবা শিল্প	ব্যবসা উদ্যোগ	উৎপাদনশীল শিল্প	সেবা শিল্প	ব্যবসা উদ্যোগ	উৎপাদনশীল শিল্প
১	২৫,০০০ কোটি টাকার থাক-অর্থায়ন ক্ষিম	১৫ লক্ষ	১ কোটি	২৫ লক্ষ	২৫ কোটি	৩ কোটি	১ কোটি	১ কোটি	৫ কোটি	২ কোটি	-	-
২	কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণে ১,৪০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন ক্ষিম	১৫ লক্ষ	১ কোটি	২৫ লক্ষ	২৫ কোটি	৩ কোটি	১ কোটি	১ কোটি	৫ কোটি	২ কোটি	-	-
৩	নারী উদ্যোক্তাদের জন্য ৩,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন ক্ষিম	৫ লক্ষ	২০ লক্ষ	২০ লক্ষ	২০ লক্ষ	৫০ লক্ষ	৫০ লক্ষ	৫০ লক্ষ	-	-	-	-
৪	৫০০ কোটি টাকার আর্থিক সেবাভুক্তি ক্ষিম	একক গ্রাহকের ফেত্রে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা এবং হাচপ খাপের ফেত্রে ২-৫ সদস্যের সমন্বয়ে গঠিত ফ্রপের সদস্য প্রতি সর্বোচ্চ ৮ লক্ষ টাকা করে ফ্রপে প্রতি সর্বোচ্চ ২০ লক্ষ টাকা।										



ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক